# বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
## স্বাধীনতা ভবন
## ৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
## প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট 'সেবা সপ্তাহ-২০২২' উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব এস এম মাহবুবুর রহমান<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট |
| সভার তারিখ | : | ০৫/০১/২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (৫ম তলা), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল বা/এ, ঢাকা |
| উপস্থিতি | | সংযোজনী-"ক" |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সচিব (উপসচিব), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সচিব (উপসচিব) বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের 'সেবা সপ্তাহ-২০২২' উদযাপন উপলক্ষে সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। তিনি বলেন, গত ০৩/০১/২০২২ খ্রি: তারিখে জনাব রঞ্জিত কুমার দাস, অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সেবা সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আগামী ০৬-১২ জানুয়ারি ২০২২ খ্রি: তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের 'সেবা সপ্তাহ-২০২২' পালিত হবে এবং আগামী ১০/০১/২০২২ খ্রি: তারিখে মাননীয় মন্ত্রীর নেতৃত্বে এক বর্ণাঢ্য র‍্যালী বের করা হবে। একই সাথে অধীনস্থ সংস্থাসমূহে 'সেবা সপ্তাহ-২০২২' পালনসহ র‍্যালীতে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য গেঞ্জি, টুপি ও খাবারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে। উক্ত নির্দেশনা বাস্তবায়ন ও এ ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা-২০২১-২০২২ এর ৩.২ নং ক্রমিকে সেবা সপ্তাহ-২০২২ পালন করারও নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত আজকের সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভার অন্যান্য আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ১. সেবা সপ্তাহ-২০২২ উদযাপনের বিষয়টি সকলকে অবহিত করার জন্য প্রচার প্রচারণা | সভাপতি সেবা সপ্তাহ-২০২২ পালনের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য প্রচার-প্রচারণার উপর গুরুত্বারোপ করেন। | সেবা সপ্তাহ-২০২২ পালনের বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য প্রচার-প্রচারণার চালাতে হবে। | প্রশাসন বিভাগ/ কল্যাণ বিভাগ |
| ২.লিফলেট ও ব্যানার তৈরী | সচিব (উপসচিব) জানান সেবা সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে লিফলেট/ব্যানার তৈরী করা যেতে পারে। সভাপতি লিফলেট/ব্যানারে কি ধরণের লেখা হবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে সংগ্রহপূর্বক ব্যানার তৈরীর নির্দেশনা প্রদান করেন। | লিফলেট/ব্যানারে তৈরী করে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা যায়। | প্রশাসন বিভাগ/ কল্যাণ বিভাগ |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ৩. কর্মসূচির অংশ হিসেবে র‍্যালীর আয়োজন | ট্রাস্টের সচিব জানান ০৩/০১/২০২২ খ্রি: অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার অনুচ্ছেদ ০৫ এ নিম্নরূপ সিদ্ধান্ত রয়েছে:<br>'সেবা সপ্তাহ-২০২২ পালন উপলক্ষে র‍্যালী করা হবে এবং র‍্যালীতে অংশগ্রহণকারী প্রত্যেককে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক ০১টি করে গেঞ্জি, টুপি ও খাবার সরবরাহ করতে হবে'<br>সভাপতি উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য সচিব (উপসচিব) কে আহবায়ক করে ০১টি কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | সেবা সপ্তাহ-২০২২ পালন উপলক্ষ্যে আগামী ১০/০১/২০২২ খ্রি: তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিতব্য র‍্যালীতে অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য গেঞ্জি, টুপি ও র‍্যালী ব্যানার তৈরীপূর্বকপূর্বক সরবরাহ এবং সেবা সপ্তাহে সেবা প্রত্যাশীদের প্রদত্ত সেবা মনিটরিং করার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করতে হবে।<br>১) জনাব তরফদার মোঃ আক্তার জামীল, সচিব (উপসচিব) - আহবায়ক<br>২) জনাব মোঃ সিরাজুল ইসলাম উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) সদস্য<br>৩) শাহ মোঃ মুরাদুজ্জামান উপ-ব্যবস্থাপক, কল্যাণ বিভাগ - সদস্য<br>৪) জনাব জামিল আহমেদ উপ-ব্যবস্থাপক (শিল্প ও বাণিজ্য) - সদস্য<br>৫) জনাব মজিব উল্ল্যাহ চৌধুরী (পিএস টু এমডি) - সদস্য<br>৬) জনাব গোলাম সরোয়ার ভারপ্রাপ্ত কর্মকর্ত (আইসিটি) - সদস্য<br>৭) জনাব ফয়েজ আহমেদ খান বেসিক কর্মকর্তা (ভূমি ও আইন) - সদস্য<br>৮) জনাব মোঃ নইমুল হক সহকারী গ্রেড-১, কল্যাণ বিভাগ ও সভাপতি, সিবিএ - সদস্য<br>৯) জনাব মোঃ মিনহাজ উদ্দিন, সহকারী গ্রেড-১ ও সাধারণ সম্পাদক, সিবিএ - সদস্য<br>১০) জনাব মোঃ আবুল কালাম আজাদ উপ-মহাব্যবস্থাপক (কল্যাণ) - সদস্য সচিব | প্রশাসন বিভাগ |
| ৪. Help Desk এ একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান | সভাপতি আগামী ৬-১২ জানুয়ারি ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সেবা সপ্তাহ পালন উপলক্ষে আগত সেবা প্রত্যাশীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদানের জন্য Help Desk-এ একজন কর্মকর্তাকে বাইরোটেশন দায়িত্ব প্রদান এবং পেন্ডিং আবেদনসমূহ সেবা সপ্তাহের মধ্যেই নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন। | আগামী ৬-১২ জানুয়ারি ২০২২ খ্রি: তারিখ পর্যন্ত সেবা সপ্তাহ পালন উপলক্ষে আগত সেবা প্রত্যাশীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদানের জন্য Help Desk-এ একজন কর্মকর্তাদের দায়িত্ব প্রদানের অফিস আদেশ জারি করতে হবে এবং সকল বিভাগ/শাখার পেন্ডিং আবেদনসমূহ সেবা সপ্তাহের মধ্যেই নিষ্পত্তি করতে হবে। | সচিব (উপসচিব) বামুকট্রা |
| ৫. অফিসের আঙিনা, করিডোর, টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা | সভাপতি অফিসের আঙিনা, করিডোর, টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ ফুলের টবের ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। | অফিসের আঙিনা, করিডোর, টয়লেট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ ফুলের টবের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন বিভাগ |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/শাখা |
|---|---|---|---|
| ৬. আগত সেবা প্রত্যাশীদের বসার সু-ব্যবস্থা ও সুপেয় পানির ব্যবস্থা রাখা | সভপতি সভায় আগত সেবা প্রত্যাশীদের বসার সু-ব্যবস্থা ও সুপেয় পানির ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করেন। | আগত সেবা প্রত্যাশীদের বসার সু-ব্যবস্থা ও সুপেয় পানির ব্যবস্থা রাখতে হবে। | প্রশাসন বিভাগ |

০২। অতঃপর আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস এম মাহবুবুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯৫৫৬১৮১৩

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.৩১.০০৪.২১- ৬৭

তারিখ: ২০ পৌষ ১৪২৮ / ০৫ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২। পরিচালক (শিল্প ও বানিজ্য/অর্থ/কল্যাণ)/সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। জনাব ..................................................................
০৫। প্রশাসন বিভাগ/কল্যাণ বিভাগ/হিসাব শাখা/নিরীক্ষা শাখা/প্রকৌশল শাখা/আইসিটি সেল, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
০৭। অফিস কপি/গার্ড ফাইল।

(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ও
আহবায়ক, সেবা সপ্তাহ-২০২২ উদযাপন কমিটি
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।